



রূপগঞ্জ ঢাকা-সিলেট মহাসড়কে ট্রাক-লেগুনা সংঘর্ষে ৮ জন আহত



সংগৃহীত ছবি

নারায়ণগঞ্জের রূপগঞ্জে ঢাকা-সিলেট মহাসড়কে ট্রাক ও লেগুনার মুখোমুখি সংঘর্ষে ৮ জন আহত হয়েছেন। আহতদের মধ্যে ২ জনকে আশঙ্কাজনক অবস্থায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আজ শনিবার বিকেল সাড়ে ৫টায় রূপগঞ্জ উপজেলার তারাব পৌরসভার মৈকুলী এলাকায় ঢাকা-সিলেট মহাসড়কে একটি ট্রাক ও লেগুনার মুখোমুখি সংঘর্ষ ঘটে। এতে লেগুনার চালকসহ অন্তত ৮ জন আহত হয়েছেন। আহতদের মধ্যে ২ জনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাদেরকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

ভুলতা হাইওয়ে পুলিশের ইনচার্জ এসআই মোফাখখির উদ্দিন জানান, সংঘর্ষের সময় লেগুনাটি কাটপুর থেকে যাত্রী নিয়ে ভুলতা এলাকায় যাচ্ছিল। মৈকুলী বিব্রাদার্সা পোশাক কারখানার সামনে পৌঁছালে বিপরীত দিক থেকে দ্রুতগামী একটি লোহার ট্রাকের সঙ্গে মুখোমুখি সংঘর্ষ ঘটে। সংঘর্ষে লেগুনাটি দুমড়ে-মুচড়ে যায়।

স্থানীয়রা জানিয়েছেন, লেগুনার ভেতরে থাকা যাত্রীদের মধ্যে অনেকেই আহত হয়েছেন এবং কেউ কেউ গুরুতর অবস্থায় হাসপাতালে ভর্তি হয়েছেন। এসআই মোফাখখির উদ্দিন আরও বলেন, “ঘাতক ট্রাকটি আটক করা হয়েছে, তবে চালক পালিয়ে গেছে। আহতদের নাম পরিচয় এখনও পাওয়া যায়নি।”